MANBHUM MAHAVIDYALAYA

(ACCREDITED BY NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL)
(AFFILIATED TO THE SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY)
VirGanganarayan Road
P.O:- MANBAZAR * DIST:- PURULIA * Pin-723131(West Bengal)
Phone & Fax No: (03253) 255632
Email:mb_college@rediffmail.com

Ref.No. *Date:* 28/08/2024

নোটিস

যে সকল শিক্ষার্থী পশ্চিমবঙ্গ সরকারের সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে (দ্বিতীয় পর্যায়ে) মানভূম মহাবিদ্যালয়ে প্রথম সেমিস্টারে প্রোভিশনালি অ্যাডমিশন নিয়েছো এবং আপগ্রেডেশনের মাধ্যমে প্রোভিশনাল অ্যাডমিশন নিতে চলেছো, তাদের সবাইকে অভিনন্দন এবং সুস্বাগতম।

পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তরের নির্দেশিকা অনুযায়ী ৩ সেপ্টেম্বর থেকে ৭ সেপ্টেম্বর ২০২৪ শিক্ষার্থীদের ডকুমেন্টসের ফিজিকাল ভেরিফিকেশন হবে। মানভূম মহাবিদ্যালয়ে তোমাদের ডকুমেন্টসের ফিজিকাল ভেরিফিকেশন চলবে ৩ সেপ্টেম্বর থেকে ৬ সেপ্টেম্বর অবধি। এর জন্য যে কোনো দিন এলে হবে না, পরের পাতায় টেবিল ১-এ দেওয়া সূচী অনুযায়ী নির্দিষ্ট তারিখে এবং নির্দিষ্ট সময়ে ক্যাম্পাসে আসতে হবে।

টেবিল ১-এর পরে টেবিল ২-এ দেওয়া রয়েছে তোমাকে কোন কোন অরিজিনাল ডকুমেন্ট ফিজিকাল ভেরিফিকেশনের জন্য আনতে হবে। এর প্রতিটি ডকুমেন্টই আবশ্যক। এই তালিকাভুক্ত যে কোনো একটি প্রযোজ্য ডকুমেন্ট ভেরিফিকেশনের সময়ে দেখাতে না-পারলে অ্যাডমিশন ক্যান্সেল হয়ে যাবে, “পরে এনে দেখিয়ে দেবো” বললে হবে না। তাছাড়া, যদি দেখা যায় যে পোর্টালে দেওয়া তথ্যের সঙ্গে ফিজিকাল ডকুমেন্টের তথ্য মিলছে না, তাহলেও অ্যাডমিশন ক্যান্সেল হয়ে যাবে। মনে রাখতে হবে – সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে প্রোভিশনাল অ্যাডমিশন হয়েছে, এটি চূড়ান্ত নয়; চূড়ান্ত অ্যাডমিশন তখনই হবে, যখন তোমার যাবতীয় ডকুমেন্টের ফিজিকাল ভেরিফিকেশন সাফল্যের সঙ্গে সম্পূর্ণ হবে।

যারা দ্বিতীয় পর্যায়ে অ্যাডমিশন নিয়েছো এবং নিতে চলেছো, তারা ভেরিফিকেশনের আগেই কলেজে এসে ক্লাস রুটিন অনুযায়ী ক্লাস করতে পারবে। ক্লাস রুটিন কলেজের ওয়েবসাইটে এবং ক্যাম্পাসে নোটিস বোর্ডে দেওয়া আছে। কোনো কারণে ভেরিফিকেশনের সময়ে অ্যাডমিশন ক্যান্সেল হ'লে তার পরে আর ক্লাস করা যাবে না।

ড. তরুণ কুমার ঘোষ
অধ্যক্ষ, মানভূম মহাবিদ্যালয়

Principal
Manbhum Mahavidyalaya
Manbazar, Purulia

টেবিল ১

কোন তারিখে কোন মেজর বিষয়ের ক্যান্ডিডেটদের ভেরিফিকেশন কোন সময়ে হবে

তারিখ	মেজর বিষয়	সময়
৩ সেপ্টেম্বর মঙ্গলবার	বাংলা	১২:০০-৩:০০
	কম্পিউটার সায়েন্স	১২:০০-১:০০
	ম্যাথামেটিক্স	১২:০০-১:০০
৪ সেপ্টেম্বর বুধবার	কেমিস্ট্রি	১২:০০-১:০০
	ইকোনমিক্স	১২:০০-১:০০
	হিস্ট্রি	১২:০০-৩:০০
৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার	কমার্স	১২:০০-১:০০
	জিওগ্রাফি	১২:০০-১:০০
	পলিটিকাল সায়েন্স	১২:০০-৩:০০
৬ সেপ্টেম্বর শুক্রবার	এডুকেশন	১:০০-৩:০০
	ইংলিশ	১:০০-৩:০০
	ফিজিক্স	১২:০০-১:০০
	সাঁওতালি	১২:০০-১:০০
	ফিজিকাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস	১২:০০-১:০০
	সোশিওলজি	১২:০০-১:০০

টেবিল ২

কি কি অরিজিনাল ডকুমেন্ট ভেরিফিকেশনের সময়ে প্রয়োজন হবে

(ক) সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে দেওয়া FAQ সেকশন অনুযায়ী		
ক্রঃ সং	**অরিজিনাল ডকুমেন্ট**	**ফোটোকপি লাগবে?**
১	ডেট অফ বার্থ প্রমাণের ডকুমেন্ট (মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড, বা, বার্থ সার্টিফিকেট)	হ্যাঁ
২	10+2 পরীক্ষার রেজিস্ট্রেশন সার্টিফিকেট	হ্যাঁ
৩	ক্লাস 10 পরীক্ষার মার্কশিট	হ্যাঁ
৪	10+2 পরীক্ষার মার্কশিট	হ্যাঁ
৫	SC/ST/OBC-A/OBC-B সার্টিফিকেট (যদি প্রযোজ্য হয়)	হ্যাঁ
৬	PWD সার্টিফিকেট (যদি প্রযোজ্য হয়)	হ্যাঁ
৭	EWS সার্টিফিকেট (যদি প্রযোজ্য হয়)	হ্যাঁ
৮	পাসপোর্ট সাইজ ফোটোগ্রাফ – ২টি	না
৯	বৈধ ফোটো আইডি প্রুফ* (নিচে দেওয়া নোট দ্যাখো)	হ্যাঁ
১০	আধার কার্ড	হ্যাঁ

১১	জেলাস্তর/রাজ্যস্তর/জাতীয় স্তর/আন্তর্জাতিক স্তরের স্পোর্টস সার্টিফিকেট (যে ক্যান্ডিডেটের ঐ ধরনের সার্টিফিকেট আছে)	হ্যাঁ
(খ) উচ্চশিক্ষা দপ্তর কর্তৃক কলেজগুলিকে দেওয়া নির্দেশ অনুযায়ী অতিরিক্ত তথ্য যাচাইয়ের জন্য		
ক্রঃ সং	**কি আনতে হবে**	**ফোটোকপি লাগবে?**
১	সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে যে ব্যাঙ্ক অ্যাকাউন্টের ডিটেল দেওয়া রয়েছে, তার পাসবইয়ের প্রথম পাতা, বা পাসবইয়ের যেখানে ব্যাঙ্কের নাম, অ্যাকাউন্ট হোল্ডারের নাম, অ্যাকাউন্ট নাম্বার, এবং IFSC লেখা রয়েছে। পাসবই আনতে না-পারলে, পাসবইয়ের এই অংশের পরিষ্কার ছবি মোবাইল ফোনের মাধ্যমে ভেরিফিকেশন টেবিলে দেখাতে পারলেও চলবে।	না
২	সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে যে পার্মানেন্ট অ্যাড্রেস এবং কমিউনিকেশন অ্যাড্রেস দেওয়া রয়েছে, সেই ঠিকানা দু'টিতে ক্যান্ডিডেট বা তার বাবা বা তার মা বা তার গার্জিয়ান বসবাস করে, এমন যে কোনো বৈধ প্রমাণ দেখাতে হবে। এমন প্রমাণের পরিষ্কার ছবি ভেরিফিকেশন টেবিলে দেখাতে পারলেও হবে।	না
৩	পোর্টালে জমা দেওয়া আবেদনপত্রের এক কপি পরিষ্কার প্রিন্ট	না

*** নোট: অনেক ক্যান্ডিডেট পোর্টালে আইডি প্রুফ হিসেবে আধার কার্ডের উল্লেখ ক'রে তার নাম্বার দিয়েছো। এক্ষেত্রে, ৯ এবং ১০ নম্বর আইটেমের জন্য শুধু আধার কার্ড দেখালেই চলবে এবং আধার কার্ডের এক-কপি ফোটোকপি দিলেই হবে। কিন্তু, যারা আইডি প্রুফ হিসেবে আধার কার্ড ছাড়া অন্য কিছুর উল্লেখ ক'রে তার নাম্বার দিয়েছো (উদাহরণ – প্যান কার্ড), তারা ৯ নং আইটেমের জন্য সেই অন্য ডকুমেন্ট দেখাবে এবং তার একটি ফোটোকপি দেবে, এবং ১০ নং আইটেমের জন্য আধার কার্ড দেখাবে এবং তার একটি ফোটোকপি দেবে।**

বিঃ দ্রঃ -

(১) উপরের টেবিলে যে যে ডকুমেন্টের ফোটোকপি চাওয়া হয়েছে, সেগুলির এক কপি ক'রে সেলফ-অ্যাটেস্টেড ফোটোকপি আনতে হবে।

(২) ফোটোকপির সেটটা ভেরিফিকেশন টেবিলে জমা দিতে হবে।

(৩) ভেরিফিকেশনের টেবিলে যাওয়ার যথেষ্ট আগে অরিজিনালগুলো এবং ফোটোকপিগুলো টেবিলে দেওয়া ক্রম অনুযায়ী পরপর সাজিয়ে রাখতে হবে।

(৪) ফোটোকপির সেটে পাসপোর্ট সাইজ ফোটোগ্রাফ দু'টি একদম ওপরে থাকবে; ঠিক তার তলায় থাকবে পোর্টালে এন্ট্রি করা আবেদনপত্রের এক কপি পরিষ্কার প্রিন্ট, তারপরে ক্রমানুসারে ডকুমেন্টগুলোর ফোটোকপি। ফোটোকপির সেটটাকে স্টেপল ক'রে আনবে না, কিন্তু জেমস ক্লিপ দিয়ে আটকে রাখবে।